



চাটমোহর সরকারি কলেজে শিক্ষকদের ক্লাস বর্জন অব্যাহত

প্রকাশ : ৩১ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

চাটমোহর (পাবনা) সংবাদদাতা

চাটমোহর সরকারি কলেজের শিক্ষকদের ক্লাস বর্জন অব্যাহত রয়েছে। ফলে কলেজে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। গত ২৪ অক্টোবর থেকে কলেজে কোনো ক্লাস হচ্ছে না। এতে করে অভিভাবক ও শিক্ষার্থীরা ক্ষোভ প্রকাশ করেছেন। কলেজের হিসাব বিভাগের বিভাগের প্রভাষক নাজমুল হককে অফিস সহকারী আ. রাজ্জাকের লাঞ্চিত ও পদ সৃজনের জন্য শিক্ষকদের আত্মীকরণের ফাইল সংশ্লিষ্ট দপ্তরে না পাঠানোর প্রতিবাদে এবং শিক্ষকদের বিরুদ্ধে অধ্যক্ষের দায়ের করা পৃথক দুটি মামলা প্রত্যাহার ও অধ্যক্ষের অপসারণ দাবিতে শিক্ষকরা সকল পরীক্ষা বর্জনসহ অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন শুরু করেছেন। শিক্ষকরা তাদের দাবির সপক্ষে প্রতিবাদ সভাও করেছেন। প্রভাষক নাজমুল হক অভিযোগ করেন, ২২ অক্টোবর সকালে কলেজের ১১৩ নম্বর কক্ষের সামনে অফিস সহকারী আ. রাজ্জাক তাকে গালিগালাজ করেন এবং শারীরিকভাবে লাঞ্চিত করার হুমকি দেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

|